

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ মোমেনশাহী

উচ্চ মাধ্যমিক পরীক্ষা-২০২১ এর পরীক্ষার্থীদের (২০১৯-২০২০ শিক্ষাবর্ষ)

অ্যাসাইনমেন্ট সংক্রান্ত বিজ্ঞপ্তি


শিক্ষার্থীদেরকে নিম্নে প্রদত্ত নির্দেশনা অনুসরণপূর্বক ও নির্ধারিত সময়সূচি অনুযায়ী অ্যাসাইনমেন্ট জমাদান ও গ্রহণের জন্য বিশেষভাবে নির্দেশ দেওয়া যাচ্ছে। উল্লেখ্য অ্যাসাইনমেন্ট জমা দেয়া বাধ্যতামূলক।


অভিভাবকগণের প্রতি পরামর্শ:

১. শিক্ষার্থীদের সরকার প্রদত্ত স্বাস্থ্যবিধি অনুসরণে উৎসাহিত করা;
২. শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের মূল্যায়ন প্রক্রিয়া তাদের শিখন ফল অর্জন যাচাই এবং কোন কোন ক্ষেত্রে তাদের ঘাটতি রয়েছে তা নিরূপণ করবে। তাই শিক্ষার্থী নিজে যাতে এ কার্যক্রমে অংশগ্রহণ করে তা নিশ্চিত করা;
৩. শিক্ষার্থীর অনুধাবন ক্ষমতা ও সৃজনশীলতা বৃদ্ধির জন্য তাদের সক্রিয় অংশগ্রহণে উৎসাহিত করা;
৪. শিক্ষার্থী যেন সময়মত অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ সম্পন্ন করে এবং তা যেন নির্ধারিত সময়ে জমা দেয় তা নিশ্চিত করা;
৫. নোট, গাইড, অনলাইন বা অন্য কারো লেখা থেকে ছবছ লিখে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল হবে তাই শিক্ষার্থীদের নিজেদের মতো করে লেখার প্রতি উৎসাহিত করা।

শিক্ষার্থীদের জন্য নির্দেশনা:

১. শিক্ষার্থীদের শিখনফল অর্জনই মূল উদ্দেশ্য। এই অ্যাসাইনমেন্টের নম্বর ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় গণনা করা হবে। তাই জরুরি বিবেচনায় সকল নির্দেশনা অনুসরণ করতে হবে;
২. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ তৈরি করতে এনসিটিবি প্রণীত/অনুমোদিত/প্রকাশিত নির্ধারিত শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক ব্যবহার করতে হবে;
৩. মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষার্থীর নিজস্বতা, স্বকীয়তা ও সৃজনশীলতা যাচাই করা হবে। তাই নোট, গাইড বা অন্যের লেখা দেখে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল হয়ে যাবে এবং পুনরায় সেই অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ প্রণয়ন করে জমা দিতে হবে;
৪. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ নিজের হাতে লিখতে হবে;
৫. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ লেখার ক্ষেত্রে A4 সাইজের সাদা কাগজ ব্যবহার করতে হবে;
৬. মাউশি প্রদত্ত কভার পেইজ ব্যবহার করতে হবে এবং তা যথাযথভাবে পূরণ করতে হবে;
৭. বিজ্ঞান বিভাগের ছাত্রদের অ্যাসাইনমেন্ট প্রতি বৃহস্পতিবার, ছাত্রীদের প্রতি বুধবার, ব্যবসায় শিক্ষা বিভাগের ছাত্র-ছাত্রীদের প্রতি বুধবার এবং মানবিক বিভাগের ছাত্র-ছাত্রীদের প্রতি বৃহস্পতিবার নির্ধারিত সময়ে অ্যাসাইনমেন্ট জমা দিতে হবে।


মোঃ নাজিব মাহমুদ সজিব
লেঃ কর্নেল
অধ্যক্ষ


২৭.০৭.২০২১